**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কোটচাঁদপুর, ঝিনাইদহ**
www.unokotchandpur@mopa.gov.bd

## ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ইজারা বিজ্ঞপ্তি।

ঝিনাইদহ জেলাধীন কোটচাঁদপুর উপজেলার অন্তর্গত নিম্ন বর্ণিত ২০ একর পর্যন্ত ০১ (এক) টি জলমহাল সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুসারে বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৩/১১/২০২৫ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে অন-লাইনে ইজারা গ্রহণের জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

### ১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের নামঃ

| ক্রম. নং | জলমহালের নাম | জমির পরিমাণ | পূর্বের ইজারাকৃত মূল্য (বার্ষিক) | ১৪৩৩-৩৫ সন মেয়াদে নির্ধারিত ০৫ % হারে বর্ধিত সরকারি মূল্য (বার্ষিক) | ভ্যাট ও আয়কর |
|---|---|---|---|---|---|
| ০১ | দোড়া বিল | ১.২৮ একর | ২৬,৭৭৫/- | ২৮,১১৪/- | বার্ষিক ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর যুক্ত হবে। |

### উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল ।

| ক্র. নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে | অন-লাইনে ইজারা আবেদন দাখিল। |
| ০২ | ১৮ মাঘ থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অন-লাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখ বন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ এর কার্যালয়ে দাখিল। |
| ০৩ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ এবং দাখিলকৃত কপি যাচাই বাছাই। |
| ০৪ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (০৫ কার্যদিবস) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৫ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, ঝিনাইদহ মহোদয় বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসন কর্তৃক অনুমোদন। |
| ০৬ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (০৩ কার্যদিবস) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৭ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (০৭ কার্যদিবস) | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার চুক্তি সম্পাদন। |
| ০৮ | ০১ লা বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

## নির্দেশিকা ও শর্তাবলী

০১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে।

০২. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

০৩. জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা বাংলা ০১ মাঘ থেকে ১৫ মাঘ ১৪৩২ অফিস চলাকালীন পর্যন্ত।

০৪. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহের কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে **"জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন"** কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৪. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহের কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে **"জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন"** কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৫. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৬. আবেদনপত্রের প্রিন্টিং কপিসহ দাখিলের সময় আবেদনপত্রে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ জামানত হিসাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ-এর অনুকূলে আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। তাছাড়া আবেদনপত্র দাখিলকারী মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক সমিতির নিবন্ধনপত্রের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা/উপজেলা সমবায় অফিসারের নিকট হতে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে বাতিলযোগ্য হবে।

০৭. ইজারার মেয়াদ বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে বাংলা ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩৫ সনের ৩০ চৈত্রের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৮. ইজারার আবেদনপত্র অনুমোদনে বিলম্ব হলে উক্ত বিলম্বের কারণে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবে না। বছরের যে কোন সময়ে দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদ বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে এবং বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে সকল সরকারি প্রাপ্য আদায়যোগ্য হবে।

০৯. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে জেলা প্রশাসক, ঝিনাইদহ মহোদয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্রে প্রদত্ত ১ম বছরের ইজারামূল্যসহ ইজারা মূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে চালানে জমা দিতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবেনা। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে।

**১০. আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎস্যজীবী সমবায় সমিতির একটি ই-মেইল ঠিকানা থাকা বাঞ্ছনীয়।**

১১. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় যে সকল আবেদনপত্র গৃহীত হবে না, সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসেবে সংযুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে।

১২. প্রতিটি আবেদনপত্রের প্রিন্টিং কপির খামের উপর জলমহালের নাম, মৎস্যজীবী সমবায় সমিতির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিষ্ট্রেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ০২ বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে), ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

১৩. ইজারাপ্রাপ্ত সমিতি কর্তৃক আবেদনপত্রের সাথে দাখিলকৃত জামানত শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ৩০০/-(তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি দলিল সম্পাদন করতে হবে। ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই সম্পূর্ণ জলমহাল বা অংশ বিশেষ সাব-লিজ দিতে পারবেন না। ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের আয়তন এবং দখলীয় আয়তনের মধ্যে তারতম্য হলেও কোন আপত্তি উত্থাপন করতে পারবেন না।

১৪. দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুসরণ করা হবে।

১৫. জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করার পরিপ্রেক্ষিতে উপজেলা থেকে সাধারণ আবেদনের ক্ষেত্রে ১৪৩৩ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী সম্পন্ন করা হবে।

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

উক্ত জলমহালসমূহের ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), কোটচাঁদপুর, ঝিনাইদহ এর কার্যালয় (প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে) এবং https://kotchandpur.jhenaidah.gov.bd/ ওয়েবসাইট হতে জানা যাবে।

(এনামুল হাসান)
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কোটচাঁদপুর, ঝিনাইদহ।

স্মারক নং- ৩১.৪৪.৪৪৪২.৫৪৫.১৬.০৪১.২৫-১৩/১(৩০)

তারিখ: ২০ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০২ । পুলিশ সুপার, ঝিনাইদহ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝিনাইদহ।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত : (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

০৫। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর/ কালীগঞ্জ/ শৈলকুপা/ হরিণাকুন্ডু/ মহেশপুর/ কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৬। প্রশাসক, ঝিনাইদহ সদর/ কালীগঞ্জ/ শৈলকুপা/ হরিণাকুন্ডু/ মহেশপুর/ কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৭। সহকারী কমিশনার (ভূমি), ঝিনাইদহ সদর/ কালীগঞ্জ/ শৈলকুপা/ হরিণাকুন্ডু/মহেশপুর, ঝিনাইদহ।
০৮। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ।
০৯। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১০। উপজেলা কৃষি অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১১। উপজেলা প্রকৌশলী, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১২। উপজেলা শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১৪। অফিসার ইনচার্জ, কোটচাঁদপুর মডেল থানা, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১৫। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১৬। উপজেলা শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১৭। উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১৮। সাব-রেজিস্ট্রার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
২০। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
২১। উপজেলা সমাজ সেবা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
২২। উপজেলা পশু সম্পদ অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
২৩। উপজেলা সমবায় অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
২৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
২৫। উপজেলা আইসিটি অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ (অত্র বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২৬। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, দোড়া/সাফদারপুর/কুশনা/বলুহর/এলাঙ্গী ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর তাকে উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পৌর/জয়দিয়া/দোড়া/কুশনা/বলুহর/এলাঙ্গী ইউনিয়ন ভূমি অফিস, কোটচাঁদপুর। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২৮। সভাপতি/ সম্পাদক ..................................................................................................।
২৯। জনাব ..........................................................................................................................।
৩০। অফিস কপি।

04/01/26

মোঃ সোহেল রানা
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
সহকারী কমিশনার (ভূমি)
কোটচাঁদপুর, ঝিনাইদহ।